# ভূ-বিজ্ঞান অনুষদ
# রাজশাহী বিশ্ববিদ্যালয়

## জুলাই ২০২৪ - জুন ২০২৫ সেশনে এম. এস. প্রোগ্রামে বহিরাগত শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভূ-বিজ্ঞান অনুষদভুক্ত ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগ এবং ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগে জুলাই ২০২৪ - জুন ২০২৫ সেশনে এম.এস. প্রোগ্রামে শূন্য আসনে ভর্তি হতে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নিম্নেবর্ণিত যোগ্যতা ও শর্ত পূরণ সাপেক্ষে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। **ফরম রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট (www.ru.ac.bd) অথবা অনুষদ অফিস থেকে সংগ্রহ করা যাবে।**

**প্রার্থীর যোগ্যতা:**

- **রাজশাহী বিশ্ববিদ্যালয় ব্যতিত অন্য যে কোনো পাবলিক বিশ্ববিদ্যালয় অথবা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/ ইনস্টিটিউট থেকে ভূগোল ও পরিবেশবিদ্যা এবং ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগে (ভূতত্ত্ব ও খনিবিদ্যা/ভূতত্ত্ব/ভূতাত্ত্বিক বিজ্ঞান/পেট্রোলিয়াম ও মাইনিং ইঞ্জিনিয়ারিং/পরিবেশ বিজ্ঞান/দূর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে) চার বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রী অর্জনকারী আবেদন করতে পারবে।**
- **আবেদনকারী প্রার্থীর স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ন্যূনতম সিজিপিএ ৩.০০ (৪ স্কেলে) থাকতে হবে।**
- **স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রী অর্জনের ০২ (দুই) বছরের মধ্যে আবেদন করতে পারবে।**

**শর্তাবলী:**

- **যথাযথভাবে পূরণকৃত প্রাথমিক আবেদনপত্র ১০০০/- (এক হাজার) টাকা আবেদন ফিসহ আগামী ২৯.০৯.২০২৫ তারিখ সোমবার অফিস চলাকালীন সময়ের মধ্যে অনুষদ অফিসে জমা দিয়ে পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।**
- আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট, মার্কস্ সার্টিফিকেট, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসাপত্রের সত্যায়িত কপি এবং সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ফরমের সাথে জমা দিতে হবে।
- **আগামী ৯ অক্টোবর ২০২৫ তারিখ বৃহস্পতিবার বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত (১ ঘন্টা) লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষা ভূ-বিজ্ঞান অনুষদে অনুষ্ঠিত হবে।** লিখিত পরীক্ষা ভূগোল ও পরিবেশবিদ্যা এবং ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিষয়ে স্নাতক/স্নাতক (সম্মান) এর পাঠ্যক্রমের উপর ১০০ নম্বরের সংক্ষিপ্ত প্রশ্ন-উত্তরে নম্বর পদ্ধতিতে অনুষ্ঠিত হবে।
- **ভর্তি পরীক্ষায় পাশ নম্বর ৪০%।** ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী ফলাফল প্রকাশ করা হবে।
- **লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের ফলাফল ৯ অক্টোবর ২০২৫ তারিখ বৃহস্পতিবার বিকাল ৩:০০ টার মধ্যে প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের একই দিনে অনুষদ অফিসে সাক্ষাৎকার গ্রহণ করা হবে।** সাক্ষাৎকারের সময় শিক্ষার্থীকে সকল সার্টিফিকেট, মার্কস্ সার্টিফিকেট ও অন্যান্য সনদপত্রের মূলকপি বোর্ডের সদস্যদের দেখাতে হবে।
- **সাক্ষাৎকার শেষে চূড়ান্ত মেধা তালিকা প্রকাশ করা হবে।**
- ভর্তির সময় আবেদনকারীকে নিজ নিজ বিশ্ববিদ্যালয় হতে সংগৃহীত মাইগ্রেশন সার্টিফিকেট অবশ্যই জমা দিতে হবে।
- **ভর্তি সংক্রান্ত যাবতীয় নিয়মাবলী পরিবর্তন, পরিমার্জন বা সম্পূর্ণ বাতিলের ক্ষমতা অনুষদ কর্তৃক সংরক্ষিত।**

**(প্রফেসর ড. এ.এইচ.এম. সেলিম রেজা)**
**আহবায়ক**
মাস্টার্স প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তি কমিটি ২০২৫
ও
ডীন
ভূ-বিজ্ঞান অনুষদ
রাজশাহী বিশ্ববিদ্যালয়